দৈনিক ইনকিলাব

287

তারিখ JUL 31 1999
পৃষ্ঠা 7 কলাম 6

## চঃবিঃর ১ম শ্রেণীর হার বৃদ্ধি করা হোক

দেশের দক্ষিণ-পূর্ব অঞ্চলের ঐতিহ্যবাহী সর্বোচ্চ বিদ্যাপীঠ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। এক বিরাট সত্তা নিয়ে পাহাড়ের সাথে নিস্বর্গের সাথে মিতালী পেতে আছে এটি। হাজারো পরিবারের প্রাণবন্ত সদস্য-সদস্যারা উপস্থিত এখানে। শারীরিক, মানসিক, উপস্থিতির সাথে জড়িয়ে আছে এক মহৎ উদ্দেশ্য। আর তাহল ভাল ফলাফল করে মা-বাবার সুফলা সন্তান তথা দেশের সুনাগরিক হওয়া। কিন্তু এখানকার পরীক্ষার ফলাফল সে অদম্য-উৎসাহ আশাকে নিরাশ করে দেয়। দেশের সচেতন, অভিভাবক, ছাত্র, শিক্ষকের প্রায় সবাই জ্ঞাত যে, চঃ বিঃতে ১ম শ্রেণী তেমন পায় না বা দেয়া হয় না। প্রথম প্রথম বিশ্বাস হত না যে ভাল উত্তর করলে কেন ১ম শ্রেণী দেবে না। কিন্তু জনশ্রুতির সাথে নিজের পরিসংখ্যান ও ভাবনা মিলিয়ে তাদের কথায় একমত হতে হয়েছে। দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয় ঢাঃ বিঃ, জাঃ বিঃ, রাঃ বিঃ'র ফলাফল যতটা আশাব্যঞ্জক চঃ বিঃতে তার ধারে কাছেও না। বেশীর ভাগ ক্ষেত্রেই প্রমাণ পাওয়া গেছে অল্প কিছু নম্বরের অভাবে ১ম শ্রেণী আসেনি যার কারণ হিসেবে ছাত্রদের উক্তি ঢাঃ বিঃ, জাঃ বিঃ'র ছাত্রদের যে হারে নম্বর বন্টন করা হয় অর্থাৎ সহজভাবে খাতা দেখা হয় সেই অনুপাতে চঃ বিঃ ছাত্রদের খাতা একটু কড়াভাবে দেখা হয়। যার কারণে নিরাশ হয়ে পড়ে ছাত্র-ছাত্রীরা হাল ছেড়ে দেয় উচ্চ লক্ষ্যে পৌঁছার। তাই সকল Examiner-কে একটু সহজভাবে খাতা দেখে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ১ম শ্রেণীর হারের সমান হার চঃ বিঃ'তে উন্নীত করে ছাত্রদের কাংক্ষিত লক্ষ্যে পৌঁছার উদ্যম সৃষ্টি করতে বিনয়ের সাথে অনুরোধ করছি।

—এ বি এম রবিউল হোসেন, উদ্ভিদ বিদ্যা, ১ম বর্ষ (পুরাতন), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়